

ক্ষয়িষ্ণু



Tanisha Mir

B. Sc. 2nd Year

Department of
Environmental Science

Asutosh College

এক পৃথিবী অপেক্ষা করে, আর এক পৃথিবী যুদ্ধ
এক পৃথিবীর মুখ চেয়ে, আর এক পৃথিবী ক্ষুব্ধ।
শহরের কঙ্কাল টুঁইয়ে ইস্পাত বলসানো ঈর্ষা;
লৌহ জারণ বিক্রিয়ার কালচে খয়েরি তামাশা।
ধূসর ধোঁয়াশায় বড় রাস্তায় প্ল্যাকার্ড পড়ে রয়
শেষ শালিকের ভূতের আবার হারিয়ে যাওয়ার ভয়!
ধবল বক নয় মেঘও ধোঁয়া, নোংরার স্তূপে ছোট্ট চড়াই
আদমশুমারির পরিসংখ্যার সুর মহাবিলুপ্তির কাঠগড়ায়।
রসায়নের রস বোঝেনি, পদার্থবিদ্যায় অপদার্থ সে
তবু গেঁয়ো রাখাল চেনে, নক্ষত্রদের বন্ধু কে?
এক পানকৌড়ি ডুব দিয়েছিল, মাথা তুলে দেখে পৃথিবী নেই!
সব গতিসূত্রের ক্ষতি হয়ে গেছে, র্যাডিকাল ভীমরতিতেই!
ট্রেনের চাকায় প্রতিমুহূর্তে কত পিঁপড়ের মৃত্যু হয়?
নাকি তারা বুঝে গেছে লাল সিগন্যাল প্রলয় নয়,
উষ্ণায়নের পারদ চড়িয়ে পুঁজিবাদই শুধু বলিয়ান
ক্ষয়িষ্ণু সভ্যতার জ্যাস্ত ক্ষত আর শেষ ডাকের খতিয়ান।।

tanishamir025@gmail.com

